প্রাথমিকের চাকরিতে ৬০ শতাংশ নারী নেওয়ার চিন্তা করা হচ্ছে:পরিকল্পনা মন্ত্রী

চেম্বার ডেস্ক:: ইউনিয়ন পর্যায়ে বাধ্যতামূলক ৩ জন নারী সদস্য বা উপজেলা পর্যায়ে একজন মহিলা ভাইস চেয়ারম্যান আর প্রাথমিক বিদ্যালয়ে চাকরির ৬০ শতাংশ নারীদের জন্য সংরক্ষিত পদক্ষেপ নেওয়া হচ্ছে বলে জানিয়েছেন পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান।

শনিবার (২০ নভেম্বর) সকাল ১১ টায় ‘নীতিনির্ধারণে কেয়ার ইকোনমির অর্ন্তভুক্তি’ শিরোনামে একটি ওয়েবিনারে পরিকল্পনা মন্ত্রী এম এ মান্নান এ কথা বলেছেন। সাউথ এশিয়ান নেটওয়ার্ক অন ইকোনমিক মডেলিং (সানেম) এবং মানুষের জন্য ফাউন্ডেশন যৌথভাবে এ ওয়েবিনারটি আয়োজন করেছে।

অনুষ্টানে প্রধান অতিথির বক্তব্যে এম এ মান্নান বলেছেন, জনসংখ্যার একটি বড় অংশ অবৈতনিক পরিচর্যা কাজের স্বীকৃতি সম্পর্কে অবগত নয়। প্রধানমন্ত্রী ও সরকার সমস্যা সমাধানে কৌশলগতভাবে পদক্ষেপ নেওয়ার চেষ্টা করছে। আইন ও বিধিবিধানের মাধ্যমে পরিচর্যা খাতের স্বীকৃতি ও নারীদের মূলধারার শ্রমবাজারে অংশগ্রহণ নিশ্চিত করা সম্ভব হবে।

নারীর ক্ষমতায়ন নিশ্চিতে সরকার কাজ করে যাচ্ছে উল্লেখ্য করে সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. সাইফুল জানিয়েছেন, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অধীনে ২৩২ কোটি টাকার প্রশিক্ষণ প্রকল্প চালু করা হয়েছে। যে প্রকল্পে মূলত নারীদের বিভিন্ন কারিগরি প্রশিক্ষণ দেওয়া হচ্ছে।

ওয়েবিনারে গবেষণা মূল প্রবন্ধ উপস্থাপনায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের অধ্যাপক এবং সানেমের গবেষণা পরিচালক ড. সায়মা হক বিদিশা বলেছেন, সন্তানদের বা বয়স্কদের দেখাশুনার অবৈতনিক কাজে ৮১ দশমিক ৪ শতাংশ ক্ষেত্রে বাড়ির নারীরাই যুক্ত থাকেন। দেশের ১৫ থেকে ২৯ বছর বয়সী নারীরা গড়ে দৈনিক ৬ ঘন্টার এই অবৈতনিক পরিচর্যায় নিয়োজিত থাকেন। প্রতি ঘন্টা অবৈতনিক পরিচর্যায় সময়

দেওয়া তার শ্রমবাজারে অংশগ্রহণের হারকে ১ দশমিক ৮ শতাংশ কমিয়ে দেয়। এ দিকে ৫ বছরের কম সন্তান থাকা নারীদের ক্ষেত্রে যা ২ দশমিক ৪ শতাংশ।

বাংলাদেশের প্রেক্ষাপটে এখনো কর্মজীবী নারীদের সন্তানদের দেখভাল করার জন্য দিবা যতœ কেন্দ্রের পর্যাপ্ততা উল্লেখযোগ্য নয় জানিয়ে তিনি বলেছেন, প্রাতিষ্ঠানিক দিবা যতœ কেন্দ্রের মান ও পর্যাপ্ততা নিশ্চিতের মাধ্যমে এই ক্ষেত্রে ব্যাপক কর্মসংস্থানের ব্যবস্থা করা সম্ভব। যার ফলে নারীরাও মূলধারার শ্রমবাজারে অংশগ্রহণ করার সু্যোগ পাবেন।

এছাড়াও সানেমের নির্বাহী পরিচালক ড. সেলিম রায়হানের সঞ্চালনায় ওয়েবিনারে মানুষের জন্য ফাউন্ডেশনের নির্বাহী পরিচালক শাহীন আনাম শুভেচ্ছা বক্তব্য দিয়েছেন। এ অনুুষ্ঠানে আলোচক হিসেবে সেন্টার ফর পলিসি ডায়ালগ (সিপিডি) এর নির্বাহী পরিচালক ড. ফাহমিদা খাতুন, সমাজকল্যাণ মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব মো. সাইফুল ইসলাম, অর্থনৈতিক সম্পর্ক বিভাগের যুগ্ম সচিব বেবী রানী কর্মকার, মহিলা অধিদপ্তরের অতিরিক্ত পরিচালক শেখ মুসলিমা মুন প্রমুখ উপস্থিত ছিলেন।